



অতি জরুরি
রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৯.০২.১৭১.১৪ - ১৬৫

তারিখঃ ০৬ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ
২৫ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

প্রাপকঃ বেগম তানিয়া তাসনিম
সার্বের মায়া, ১/৭ শাহজাহান রোড,
মোহাম্মদপুর, ঢাকা।


বিষয়ঃ গবেষকের সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিল।

গবেষণার শিরোনামঃ "বাংলাদেশের মৃৎশিল্পের ক্ষেত্রানুসন্ধান, মৃৎশিল্পীদের আর্থ-সামাজিক অবস্থান এবং সম্ভাবনাময় ভবিষ্যৎ"-
শীর্ষক পিএইচডি গবেষণা।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ৭০,০০০/- (সত্তর হাজার) টাকায় পরিচালনা করার জন্য বিগত ১৫/০৫/২০১৪ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ছিল ৪৮ (আটচল্লিশ) মাস। চুক্তির শর্ত অনুযায়ী আপনার পিএইচডি গবেষণার চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গত ১২/১১/২০২০ খ্রিঃ তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.১৭১.১৪-৫৮৮ এর মাধ্যমে চুক্তি বাতিলের বিষয়ে আপনার মতামত চাওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে এ বিষয়ে মতামত/আবেদন না পাওয়ায় গবেষণাটি বাতিলের বিষয়ে গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করা হয়। যা গত ১৩/১২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ৫৩তম গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদিত হয়েছে।

০২। এমতাবস্থায়, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ৫৩তম গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সাথে ১৫/০৫/২০১৪ খ্রিঃ তারিখে আপনার সম্পাদিত চুক্তিটি নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।


আপনার বিশ্বস্ত

(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং-২০.০০.০০০০.৩০৯.০২.১৭১.১৪ - ১৬৫

তারিখঃ ০৬ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ
২৫ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(পরিকল্পনা বিভাগের Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। গবেষণা অনুসন্ধানী, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(এসএসআরসির Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।


(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা